# গাজী নজরুলকে ফের ৪ দিনের রিমান্ডে পাঠাল আদালত



ছবি: সংগৃহীত

দ্বিতীয় স্ত্রী মরিয়মের মৃত্যুর ঘটনায় আত্মহত্যার প্ররোচনার মামলায় সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে ফের চার দিনের রিমান্ডে পাঠিয়েছেন আদালত।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) বিকেলে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. রিপন হোসেনের আদালত শুনানি শেষে এ আদেশ দেন। চার দিনের রিমান্ড শেষে গাজী নজরুলকে আদালতে হাজির করে সাত দিনের রিমান্ড চেয়েছিল মামলার তদন্তকারী সংস্থা ডিবি।

তদন্ত কর্মকর্তা পরিদর্শক মোহাম্মদ সালাউদ্দিনের আবেদনে বলা হয়, জিজ্ঞাসাবাদে গাজী নজরুল জানিয়েছেন, মরিয়ম আবেগপ্রবণ ছিলেন এবং পারিবারিক সমস্যার কারণে আত্মহত্যা করেছেন। ঘটনার বিস্তারিত জানতে তাকে আরও জিজ্ঞাসাবাদ প্রয়োজন বলে আবেদনে উল্লেখ করা হয়।

LENS ASIA

তবে আসামিপক্ষের আইনজীবীরা রিমান্ড বাতিল করে জামিনের আবেদন করেন। তারা বলেন, গাজী নজরুল হৃদরোগী, তার রিং পরানো রয়েছে এবং ন্যাম ভবনে থাকায় পালিয়ে যাওয়ার সুযোগ নেই। আগের চার দিনের রিমান্ডেও তদন্তে কোনো অগ্রগতি হয়নি বলে তারা দাবি করেন। উভয় পক্ষের শুনানি শেষে আদালত চার দিনের রিমান্ড মঞ্জুর করেন।

গত ২০ সেপ্টেম্বর সন্ধ্যায় সংসদ ভবনের বিপরীতে ন্যাম ভবনের একটি ফ্ল্যাট থেকে গাজী নজরুলের দ্বিতীয় স্ত্রী মরিয়মের ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়। ওই রাতেই গাজী নজরুল, তার প্রথম স্ত্রী মাকছুদা ইসলাম ও মরিয়মের মামা ওবায়দুর রহমানের বিরুদ্ধে আত্মহত্যার প্ররোচনার মামলা করেন মরিয়মের বাবা এস এম মাসুম বিল্লাহ।

পরদিন গাজী নজরুলের চার দিন ও মাকছুদার এক দিনের রিমান্ড মঞ্জুর করেন আদালত। পরে মামলার তদন্তভার ডিবিতে দেওয়া হয়। রিমান্ড শেষে মাকছুদাকে কারাগারে পাঠানো হয়। এ মামলায় গ্রেপ্তার ওবায়দুর রহমানকেও বুধবার কারাগারে পাঠানোর আদেশ দেন আদালত।